দর্শনায় ২টি রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

দর্শনার আকন্দবাড়িয়া ও রাঙ্গিয়ারপোতা গ্রামে ১ কোটি ৭০ লাখ টাকা ব্যয়ে ২টি রাস্তা নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

শনিবার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) বাস্তবায়নে সকাল ১০টা থেকে বেলা ১১টার মধ্যে এ উদ্বোধন কার্যক্রম সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য রুহুল আমিন আনুষ্ঠানিকভাবে নির্মাণ কাজের উদ্বোধন করেন। উদ্বোধনকৃত সড়ক দুটি হলো দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া আবাসন প্রকল্প থেকে শৈলমারী বিলের ধার পর্যন্ত ১ হাজার ২৫০ মিটার এবং আকন্দবাড়িয়া থেকে রাঙ্গিয়ারপোতা সড়কের ৭৫০ মিটার।

উদ্বোধনী অনুষ্ঠানে এমপি রুহুল আমিন বলেন, “আমি এমপি হওয়ার পর প্রথমবার দর্শনায় রাস্তার কাজের উদ্বোধন করলাম। আমার নির্বাচনী এলাকার একটি রাস্তাও কাঁচা থাকবে না এই লক্ষ্য নিয়েই কাজ করে যাচ্ছি। জনগণের উন্নয়নে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।” তিনি আরও বলেন, কোনো ধরনের অনিয়ম বা কাজে গাফিলতি সহ্য করা হবে না।

তিনি উল্লেখ করেন, চুয়াডাঙ্গা-২ আসন একটি কৃষিপ্রধান এলাকা। এ অঞ্চলের সড়ক, সেতু ও কালভার্ট উন্নয়ন হলে যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে এবং কৃষকরা তাদের উৎপাদিত পণ্য সহজে বাজারজাত করতে পারবেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা এলজিইডির প্রকৌশলী আখতার হোসেন, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের, দর্শনা পৌর আমির সাহিকুল ইসলাম অপু, রফিকুল ইসলাম, আমিনুল ইসলাম, মতিয়ার রহমান, আক্কাছ আলীসহ স্থানীয় নেতৃবৃন্দ।

মেহেরপুরে জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর কলেজ মোড়ে “জুলাই শহিদ স্মৃতি স্তম্ভ” নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গণপূর্ত বিভাগের প্রায় ১৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিতব্য এই স্মৃতিস্তম্ভের নির্মাণ কাজের সূচনা হয় সোমবার সকালে, জেলা প্রশাসক সিফাত মেহনাজের নামফলক উন্মোচনের মাধ্যমে। উদ্বোধন শেষে সেখানে মোনাজাত অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস. এম. রফিকুল হাসান, সিভিল সার্জন ডা. এস. এম. আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান, এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী শাখাওয়াত হোসেন, সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা খায়রুল ইসলাম, তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, সমাজসেবা উপ-পরিচালক আসাদুল ইসলাম, কৃষি সম্প্রসারণ উপ-পরিচালক শামসুল আলম, জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ওয়ালিউল্লাহসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার শেখ তৌহিদুল কবির, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন, বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি তামিম ইসলাম ও খন্দকার মুহিত, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, সরকারি কলেজের শিক্ষক হেজমত আলী মালীথ্যা ও ফুয়াদ খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলাম, ফায়ার সার্ভিস কর্মকর্তা শামীম রেজা, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন ও প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শফিকুল ইসলাম মিন্টু প্রমুখ।

স্মৃতি সংরক্ষণ ও প্রজন্মকে ইতিহাস সম্পর্কে সচেতন করতে নির্মাণ হচ্ছে এই স্মৃতিস্তম্ভ।